

সামিট টেকনোপলিসে বায়ো-টেক খাতে দেশের সর্বপ্রথম বিনিয়োগ করছে ওরিক্স



ছবি ক্যাপশন: বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক (সচিব) জনাব হোসনে আরা বেগম এনডিসি, সামিট টেকনোপলিস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক আবু রেজা খান এবং ওরিক্স বায়ো-টেক এর ব্যবস্থাপনা পরিচালক ডেভিড বো এই ত্রিপক্ষীয় চুক্তিতে সাক্ষর করেন। আজ রাজধানীর আগারগাঁওয়ে বিসিসি অডিটোরিয়ামে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী নসরুল হামিদ এমপি এবং মাননীয় আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি মহোদয়ের উপস্থিতিতে এই চুক্তিটি স্বাক্ষর হয়।

(ঢাকা) ১১ আগস্ট ২০২০, মঙ্গলবার:

চীনের ওরিক্স বায়োটেক হোল্ডিংস-এর অঙ্গপ্রতিষ্ঠান ওরিক্স বায়োটেক লিমিটেড, বাংলাদেশে বায়োটেক খাতে ৩০০ মিলিয়ন মার্কিন ডলারের একটি বিনিয়োগের জন্য সামিট টেকনোপলিস এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সঙ্গে একটি ত্রিপক্ষীয় চুক্তি সাক্ষর করেছে। বাংলাদেশে প্রথম বায়ো টেকনোলজি বিষয়ক বিনিয়োগ হিসেবে ওরিক্স তাদের প্লাজমা বিশ্লেষণ প্ল্যান্ট স্থাপন করবে সামিট টেকনোপলিসের ব্লক-০২ এ। এই প্ল্যান্টটি প্লাজমা ডেরিভেটিভস উৎপাদন করবে যা জীবন রক্ষাকারি ওষুধ হিসেবে বিবেচিত হবে। কোভিড-১৯ এর সম্ভাব্য চিকিৎসায় প্লাজমার চাহিদা থাকায় এটি বাংলাদেশের স্বাস্থ্য গবেষণা ও সেবা খাত সমূহের জন্য একটি গুরুত্বপূর্ণ এবং সময়োপযোগী বিনিয়োগ। আশা করা হচ্ছে যে এই প্রকল্পে দুই হাজার দক্ষ বিজ্ঞান স্নাতকদের

কর্মসংস্থানের সৃষ্টি হবে। এছাড়া এখানে অ্যালবুমিন (Albumin), ইমিউনোগ্লোবিন (Immunoglobulin), কোয়াগুলেশন ফ্যাক্টর ৮ (Coagulation factor VIII) ইত্যাদির মতো থেরাপিউটিকস উৎপাদন শুরু হবে।

সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান বলেন, “সামিট টেকনোপলিসের বরাদ্দকৃত ২৫ একর জমি এবং ভবনে দেশের প্রথম এবং বৃহত্তম বায়ো-টেক শিল্প খাতে প্রায় ৩০০ মিলিয়ন মার্কিন ডলারের এই বিনিয়োগ কার্যকর করতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপনের বর্ণিল বছরে এটি অত্যন্ত সন্তোষজনক ব্যাপার যে এই প্লাজমা ফ্রাকশনেশন প্ল্যান্টটি বাংলাদেশের উন্নয়নে নতুন দিগন্ত উন্মোচন করবে।”

উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে (অনলাইনে) উপস্থিত ছিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী নসরুল হামিদ এমপি এবং মাননীয় আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি, আইসিটি বিভাগের সিনিয়র সচিব এন এম জিয়াউল আলম পিএএ, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক (সচিব) জনাব হোসনে আরা বেগম এনডিসি।

এছাড়া অনুষ্ঠানে ভার্চুয়ালি সংযুক্ত হন সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান, ভাইস - চেয়ারম্যান লতিফ খান, ফরিদ খান, জাফর উম্মিদ খান, সামিট গ্রুপের পরিচালক আয়েশা আজিজ খান, আজিজা আজিজ খান, ফাদিয়া খান, সালমান খানসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং চায়না থেকে যুক্ত হন ডেভিড বো এবং তার সহকর্মীবৃন্দ।

সংক্ষেপে সামিট টেকনোপলিস লিমিটেড:

সামিট টেকনোপলিস সরকারি-বেসরকারি অংশীদারিত্বে (পিপিপি) কালিয়াকৈরের গাজীপুরে অবস্থিত বঙ্গবন্ধু হাই-টেক সিটির ৯১ একর জায়গায় তথ্য প্রযুক্তি, তথ্য প্রযুক্তি সম্বলিত সেবাসমূহ (আইটিইএস), দূষণমুক্ত ম্যানুফ্যাকচারিং এসেসবলি লাইন এবং ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠানসমূহের অবকাঠামো উন্নয়নে কাজ করছে। সামিট টেকনোপলিস এই ৯১ একর জায়গার নকশা, নির্মাণ, অর্থায়ন, সরকারের কাছে নিজস্ব পরিচালনা স্থানান্তরের শর্তের অধীনে ৬০ বছরের জন্য ইজারা পেয়েছে। বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন www.summittechnopolis.com।

সংক্ষেপে ওরিক্স বায়োটেক লিমিটেড:

চীন ভিত্তিক ওরিক্স বায়োটেক হোল্ডিংস এর একটি অঙ্গপ্রতিষ্ঠান ওরিক্স বায়োটিক হলো জৈব পণ্য ডেভেলপার প্রতিষ্ঠান। বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন www.oryxbiotech.com

মিডিয়া অনুসন্ধানের জন্য যোগাযোগ করুন:

- মোহসেনা হাসান | ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল: ০১৭১৩ ০৮১৯০৫ |
- দেওয়ান শাহরিয়ার | ওরিক্স বায়ো-টেক লিমিটেড | ইমেইল: dewanshahryar@gmail.com | মোবাইল: +৮৮ ০১৭১১ ৮৩১৮৪১